

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২০৫

১/ বিবিধ

আরবী

ما من مسلم يسلم علي في شرق ولا غرب إلا أنا وملائكة ربي نرد عليه السلام، فقال له قائل: يا رسول الله فما بال أهل المدينة؟ فقال له: وما يقال لكریم في جیرته وجیرانه مما أمر الله به من حفظ الجوار وحفظ الجیران؟
موضوع

أخرجه أبو نعيم في " الحلية " (6 / 349) : حدثنا سليمان بن أحمد (هو الطبراني) حدثنا عبيد الله بن محمد العمري حدثنا أبو مصعب، حدثنا مالك عن أبي الزناد عن الأعرج عن أبي هريرة مرفوعا، وقال أبو نعيم: غريب من حديث مالك تفرد به أبو مصعب

قلت: واسم أبي مصعب هذا أحمد بن أبي بكر القاسم بن الحارث الزهري المدني أحد رواة " الموطأ " عن مالك، وهو ثقة فقيه، فالحمل في الحديث على الراوي عنه عبيد الله بن محمد العمري وهو القاضي، قال في " الميزان " : رماه النسائي بالكذب قلت: ومن طريقه أخرجه الدارقطني في " غرائب مالك " ثم قال: ليس بصحيح، تفرد به العمري وكان ضعيفا، كما في " اللسان " ، وقال السخاوي في " القول البديع " (ص 117) : وفي سنده عبيد الله بن محمد العمري واتهمه الذهبي بوضعه

وقال ابن عبد الهادي في " الصارم المنكي " (ص 176) : هو حديث موضوع على رسول الله صلى الله عليه وسلم ليس له أصل والمتهم بوضعه هذا الشيخ العمري المدني ويكفي في افتضاحه روايته هذا الحديث بمثل هذا الإسناد الذي كالشمس،

ويجوز أن يكون وضع له وأدخل عليه فحدث به، نعوذ بالله من الخذلان

বাংলা

২০৫। পূর্ব-পশ্চিমে যে কোন মুসলিম ব্যক্তি আমার প্রতি সালাম প্রদান করবে, আমি ও আমার প্রভুর ফেরেশতাগণ তার সালামের উত্তর প্রদান করব। অতঃপর এক ব্যক্তি বললঃ হে আল্লাহর রাসুল! মদিনাবাসীদের অবস্থা কি হবে? (উত্তরে) তাকে বললেনঃ পাড়া-প্রতিবেশীদের প্রতি দয়ালু ব্যক্তি সম্পর্কে কিইবা বলার আছে, যে পাড়া-প্রতিবেশীকে হেফাযাত করার জন্য আল্লাহ নির্দেশ দিয়েছেন?

হাদীসটি জাল।

হাদীসটি আবু নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে উল্লেখ (৬/৩৪৯) করে বলেছেনঃ মালেকের হাদীস হতে এটি গারীব, আবু মুসয়াব এটিকে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আবু মুসয়াব-এর নাম হচ্ছে আহমাদ ইবনু আবী বাকর আল-কাসেম ইবনে হারেস আয-যুহরী আল-মাদানী। তিনি ইমাম মালেক হতে "মুওয়াত্তা" গ্রন্থের একজন বর্ণনাকারী। তিনি নির্ভরযোগ্য ফাকীহ। এ হাদীসটির সমস্যা হচ্ছে আবু মুসয়াব হতে বর্ণনাকারী ওবায়দুল্লাহ ইবনু মুহাম্মাদ আল-উমারী; তিনি হচ্ছেন কাযী। "আল-মীযান" গ্রন্থে যাহাবী তার সম্পর্কে বলেছেনঃ নাসাঈ তাকে মিথ্যার দোষে দোষী করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তার সূত্রেই হাদীসটি দারাকুতনী "গারায়েবে মালেক" গ্রন্থে বর্ণনা করে বলেছেনঃ এটি সহীহ নয়। উমারী এককভাবে এটিকে বর্ণনা করেছেন, তিনি ছিলেন দুর্বল। অনুরূপ কথা "লিসানুল মীযান" গ্রন্থেও এসেছে।

সাখাবী "আল-কাওলুল বাদী" গ্রন্থে (পৃঃ ১১৭) বলেছেনঃ হাদিসটির সনদে ওবায়দুল্লাহ ইবনু মুহাম্মাদ আল-উমারী রয়েছেন, তাকে যাহাবী এ হাদীসটি জাল করার দোষে দোষী করেছেন।

ইবনু আবদিল হাদী "আস-সারেমুল মানকী" গ্রন্থে (পৃঃ ১৭৬) বলেছেনঃ হাদীসটি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর বানানো হয়েছে। এটির কোন ভিত্তি নেই। জাল করার দোষে দোষী করা হয়েছে এ শাইখ আল-উমারী আল-মাদানীকে। তার বেইজ্জতীর জন্য এ ধরনের সনদে এ একটি হাদীসই যথেষ্ট।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5465>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন